

প্রেস রিলিজ

তারিখ : ২৬ মার্চ, ২০২৪

বাউবিতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৪ উদযাপিত হয়। সূর্যোদয়ের সাথে সাথে গাজীপুর মূল ক্যাম্পাসে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতারের নেতৃত্বে জাতীয় পতাকা এবং বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন করে দিবসের কর্মসূচির সূচনা করা হয়। একই সাথে দেশ জুড়ে অবস্থিত আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রসমূহে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলনের মাধ্যমে দিবসের কর্মসূচি শুরু হয়। মহান স্বাধীনতা যুদ্ধের শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর নেতৃত্বে সকাল ৯:০০ টায় সাভারে জাতীয় স্মৃতি সৌধের বেদীতে এবং সকাল ৬. ৪০ টায় গাজীপুর ক্যাম্পাসে স্বাধীনতা চিরন্তন স্মারক ভাস্কর্যে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়। কর্মসূচির অংশ হিসেবে সকাল ১০.৩০ টায় মাননীয় উপাচার্যের নেতৃত্বে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করা হয়।




উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার-এর নেতৃত্বে মহান স্বাধীনতা যুদ্ধের শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে সাভারে জাতীয় স্মৃতি সৌধের বেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ করছেন বাউবির শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ।

এ সময় বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কালাম, রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম, ডিন ও পরিচালকবৃন্দ, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। এছাড়াও বাউবির শিক্ষক সমিতি, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম, বাউবি ডিরেক্টরস কাউন্সিল, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী কর্মকর্তা পরিষদ সাভারে জাতীয় স্মৃতি সৌধে এবং ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রধানগণ স্থানীয় মুক্তি যুদ্ধের স্মারক ভাস্কর্যে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে মুক্তিযুদ্ধের বীর শহিদদের প্রতি শ্রদ্ধা জানান। বাউবি ক্যাম্পাসের মসজিদে তারা বি নামাজের পর স্বাধীনতা যুদ্ধের শহিদদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়।

গাজীপুর ক্যাম্পাসে প্রধান ফটকের ডিজিটাল ডিসপ্লে স্ক্রিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণ, দেশাত্মবোধক গান প্রচার এবং মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা ইতিহাসের ওপর কোটেশন প্রদর্শন করা হয়। আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্র সমূহেও বঙ্গবন্ধুর ভাষণ ও দেশাত্মবোধক গান প্রচার করা হয়। গাজীপুর ক্যাম্পাস এবং আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে সন্ধ্যায় আলোকসজ্জা করা হয়।



ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন

পরিচালক (ভারপ্রাপ্ত)